# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**16-04-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে প্রথম দফার ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে নির্বাচনী প্রচার জোরদার হয়ে উঠেছে।

গতকাল উত্তরবঙ্গে জনসভায় বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, তৃণমূল কংগ্রেস সরকার চা শ্রমিকদের দীর্ঘদিন ধরে বঞ্চনা করে চলেছে।

অন্যদিকে চা শ্রমিকদের ইতোমধ্যেই জমির পাট্টা তুলে দেওয়া হয়েছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

২) প্রথম দফার ভোটের আগে নির্বাচন কমিশন, ১৫২ টি আসনের জন্য ভোটার ইনফরমেশন স্লিপ বিতরণের কাজ শুরু করেছে।

৩) সিবিএসই, এ বছর থেকে দশম শ্রেণির পরীক্ষায় মেধাতালিকা প্রকাশ করবে না।

৪) বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় দক্ষিণবঙ্গে আজ ও আগামীকাল বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা।

৫) আইএসএল ফুটবলে আজ যুবভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল, বেঙ্গালুরু এফসির মুখোমুখি হবে।

-----------------------------------------------------------------------------------

রাজ্যে প্রথম দফার ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে নির্বাচনী প্রচার জোরদার হয়ে উঠেছে।

বিজেপি নেতা ও আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে আজ রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, সকাল সাড়ে দশটায় তিনি বাগডোগরা এয়ারপোর্টে পৌঁছবেন। এরপর কোচবিহার ও জলপাইগুড়িতে বিজেপি প্রার্থীদের সমর্থনে জনসভায় বক্তব্য রাখবেন।

বিজেপি নেতা, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারও আজ কোচবিহারের শীতলকুচিতে দলীয় প্রার্থীর সমর্থনে একটি জনসভায় অংশ নেবেন।

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, গতকাল উত্তরবঙ্গে একাধিক জনসভায় যোগ দেন। দার্জিলিং শহরের লেবং গ্রাউন্ডে তাঁর সভার কথা থাকলেও খারাপ আবহাওয়ার জন্য তিনি চলে যান মালদায়। সেখান থেকে দার্জিলিংবাসীর জন্য ভিডিও কনফারেন্সে বক্তব্য রাখেন তিনি। আগামী বিধানসভা নির্বাচনে দলের জয়ের বিষয়ে প্রত্যয় ব্যক্ত করেছেন তিনি। সাংবিধানিক রূপরেখা মেনে গোর্খা সমস্যার সমাধান করা হবে বলেও শ্রী শাহ জানান। তিনি আরও বলেন, দার্জিলিংয়ে অ্যাডভেঞ্চার ট্যুরিজম আরও উন্নত করা হবে।

এছাড়াও তিনি জলপাইগুড়ির রাজগঞ্জ, আলিপুরদুয়ারের ফালাকাটা এবং কোচবিহারের তুফানগঞ্জে পরপর তিনটি জনসভা করেন।

তিনি বলেন, তৃণমূল কংগ্রেস চা শ্রমিকদের দীর্ঘদিন ধরে বঞ্চনা করে চলেছে। রাজ্যে বিজেপি সরকার গঠিত হলে তাদের জমির অধিকার দেওয়া হবে।

বাইট অমিত

পাশাপাশি রাজবংশী ভাষাকে অষ্টম তপশিলে অন্তর্ভুক্ত এবং স্টেট রিজার্ভ পুলিশে 'নারায়ণী ব্যাটেলিয়ান' গঠন করা হবে আশ্বাস দেন শ্রী শাহ। তিনি জানান, দার্জিলিং থেকে সুন্দরবন পর্যন্ত জাতীয় সড়ক (এনএইচ) তৈরি করা হবে, উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় এইমস, আইআইটি, আইআইএম, ক্যান্সার হাসপাতাল, ক্রীড়া ও আদিবাসী বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হবে।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ উত্তরবঙ্গে কোচবিহারের মাথাভাঙ্গা, দিনহাটা এবং আলিপুরদুয়ারে দলীয় প্রার্থীদের সমর্থনে তিনটি জনসভা করবেন।

গতকাল তিনি উত্তর দিনাজপুরের ইসলামপুরে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। এসআইআর নিয়ে তিনি বিজেপির তীব্র সমালোচনা করে বলেন, রাজ্যে বহু বৈধ ভোটারের নাম বাদ দেওয়া হয়েছে। মঞ্চ থেকে তিনি নির্বাচনের মুখে বিজেপির মাতৃশক্তি ভরসা কার্ড বিলির তীব্র সমালোচনা করেছেন। ভোট কিনতে দিল্লী থেকে টাকা নিয়ে আসা হচ্ছে বলেও তাঁর অভিযোগ।

চা বাগান শ্রমিকদের জন্য তার সরকার ইতোমধ্যেই জমির অধিকার তুলে দিয়েছে। যারা এখনও এই পাট্টা পাননি, নির্বাচনের পরই তাদের হাতে তা তুলে দেওয়া হবে বলে তিনি আশ্বাস দেন। একইসঙ্গে চাবাগান শ্রমিক, কৃষক, মহিলা এবং যুবদের জন্য একাধিক জনকল্যাণ মূলক প্রকল্প প্রকল্প চালু হয়েছে বলেও তিনি জানান।

বাইট মমতা

অন্যদিকে, কংগ্রেস, বামফ্রন্ট সহ অন্য রাজনৈতিক দলের নেতা-নেত্রীরাও দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে যোগ দেবেন।

বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু আজ উত্তর কলকাতার বেলেঘাটা অঞ্চলে একটি কেন্দ্রীয় মিছিলের নেতৃত্ব দেবেন। উত্তর দিনাজপুরের করণদিঘিতে সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম দলীয় প্রা৪থীর সমর্থনে একটি জনসভায় ভাষণ দেবেন।

গতকাল কলকাতায় সাংবাদিক বৈঠকে এক প্রশ্নের উত্তরে সেলিম বলেন, শুধুমাত্র কেন্দ্রীয় বাহিনীর উপস্থিতিতে নিরপেক্ষ, সুষ্ঠু ,অবাধ ও শান্তিপূর্ণ ভোটের গ্যারেন্টি হতে পারে না। কেন্দ্রীয় বাহিনীকে যাঁরা পরিচালনা করছেন তারা কতটা নিরপেক্ষ এবং আইন ও সংবিধান মেনে চলবেন তার উপর নির্ভর করবে ভোট কতটা নিরপেক্ষ, শান্তিপূর্ণ ও সুষ্ঠু ভাবে সম্পন্ন হবে।

বাইট সেলিম

প্রবীন কংগ্রেস নেতা বহরমপুরের বিধানসভা কেন্দ্রের প্রার্থী অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, বিজেপির বিরুদ্ধে লড়াইয়ে প্রধান শক্তির নাম জাতীয় কংগ্রেস। শাসক দলের পক্ষ থেকে কংগ্রেস অপ্রাসঙ্গিক হয়ে গেছে বলে প্রচার চালালেও তৃণমূল কংগ্রেস এবং বিজেপির বিরুদ্ধে লড়াইয়ে কংগ্রেসের যোগ্যতা ও ক্ষমতা আছে বলে তিনি জানান।

বাইট অধীর

-------------------

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলায় নবজাগরণের সংকল্প গ্রহণের আহ্বান জানিয়েছেন। গতকাল রাজ্যবাসীর উদ্দেশ্যে লেখা এক খোলা চিঠিতে, বাংলা পয়লা বৈশাখে বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে তোলার ডাক দিয়ে তিনি বলেন, গত ১৫ বছরে রাজ্যের মানুষ অপশাসন, বিশৃঙ্খলা এবং দুর্নীতির শিকার হয়েছেন। চরম আঘাত নেমেছে, সাধারন মানুষের মৌলিক অধিকার, সম্মান এবং রাজ্যের সংস্কৃতির ওপর। বর্তমান রাজ্য সরকার যে ভয়ের পরিবেশ তৈরি করেছে, তার ফলে মহিলাদের নিরাপত্তা, যুব সমাজের কর্মসংস্থান এবং দরিদ্র মানুষের অধিকার ক্ষুন্ন হয়েছে। তিনি বলেন,

পশ্চিমবঙ্গ সর্বদা দেশকে তথা সমাজকে নতুন দিশা দেখিয়েছে। তাই বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে উঠলে প্রত্যেক দরিদ্র মানুষের মাথার ওপর ছাদ, খাদ্য, মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করা সম্ভব হবে।

-------------------

প্রথম দফার ভোটের আগে নির্বাচন কমিশন, ১৫২ টি আসনের ভোটারদের জন্য ভোটার ইনফরমেশন স্লিপ বিতরণের কাজ শুরু করেছে। কমিশনের নির্দেশ অনুযায়ী, ভোটের অন্তত পাঁচ দিন আগে সমস্ত ভোটারের হাতে এই স্লিপ পৌঁছনোর কাজ শেষ করতে হবে। বুথ স্তরের আধিকারিকরা বাড়ি বাড়ি গিয়ে সরাসরি ভোটারদের হাতে এই স্লিপ তুলে দিচ্ছেন। ভোটারের নাম, ভোটকেন্দ্রের ঠিকানা, ভোটের তারিখ ও সময় ইত্যাদি সমস্ত তথ্য ঐ স্লিপে থাকছে।

পাশাপাশি ভোটকেন্দ্রের একটি মানচিত্র এবং ভোটের দিন কী করণীয়, সেই নির্দেশিকাও রয়েছে। কিউআর কোডের মাধ্যমে দ্রুত তথ্য যাচাইয়ের সুবিধাও রাখা হয়েছে। বিশেষ ভাবে সক্ষম ভোটারদের জন্য ব্রেইল-সহ বিশেষ স্লিপ দেওয়ার নির্দেশ দেওয়া হচ্ছে। কমিশন জানিয়েছে, এই স্লিপ দ্রুত ভোটগ্রহণে সাহায্য করবে। তবে তা কোনওভাবেই পরিচয়পত্র হিসেবে গৃহীত হবে না। ভোট দিতে গেলে কমিশন নির্ধারিত বৈধ পরিচয়পত্র দেখানোই বাধ্যতামূলক।

-------------------

এ বছর থেকে সিবিএসই দশম শ্রেণির পরীক্ষায় মেধাতালিকা প্রকাশ করবে না। ছাত্রছাত্রীদের মধ্যে অস্বাস্থ্যকর প্রতিযোগিতা বন্ধ করতে এই সিদ্ধান্ত বলে কর্তৃপক্ষ জানিয়েছে। এছাড়া প্রথম, দ্বিতীয় বা তৃতীয় ডিভিশনও উল্লেখ করা হবে না।

উল্লেখ্য, জাতীয় শিক্ষানীতি অনুযায়ী এবছর থেকেই সিবিএসই দশম শ্রেণীর পরীক্ষা দুটি ভাগে নিচ্ছে। প্রথম ভাগের পরীক্ষার ফল প্রকাশ হয়েছে গতকাল। দ্বিতীয় ভাগের পরীক্ষা মে মাসের মাঝামাঝি নির্ধারিত রয়েছে। প্রথম ভাগের পরীক্ষাকেই মূল পরীক্ষা হিসেবে ধরা হবে। সিবিএসই জানিয়েছে, অনুত্তীর্ণরা ছাড়াও মূল পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরেও যেসব ছাত্রছাত্রী নিজেদের পারফরমেন্স ভালো করতে চায় তারা দ্বিতীয় ভাগের পরীক্ষায় বসতে পারবে।

-------------------

বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় দক্ষিণবঙ্গে আজ ও আগামীকাল বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। কয়েকটি জেলায় ৫০ থেকে ৬০ কিলোমিটার পর্যন্ত দমকা হওয়া বয়ে যেতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। এর ফলে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ ও আগামীকাল তাপমাত্রা কিছুটা কমতে পারে।

কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও সকাল থেকেই মেঘলা আকাশ এবং বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যেই হালকা বৃষ্টি শুরু হয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ১ দশমিক চার ডিগ্রি বেশি।

-------------------

বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় দক্ষিণবঙ্গে আজ ও আগামীকাল বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। কয়েকটি জেলায় ৫০ থেকে ৬০ কিলোমিটার পর্যন্ত দমকা হওয়া বয়ে যেতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর

রহমান বিশ্বাস জানিয়েছেন। এর ফলে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ ও আগামীকাল তাপমাত্রা কিছুটা কমতে পারে।

কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও সকাল থেকেই মেঘলা আকাশ এবং বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যেই হালকা বৃষ্টি শুরু হয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ১ দশমিক চার ডিগ্রি বেশি।

-------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'নারীর কণ্ঠে মহিলা ক্ষমতায়ন'। বিভিন্ন পেশার মহিলাদের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-------------------

বিধানসভা নির্বাচনের আগে গতকাল হেয়ার স্ট্রীট, প্রগতি ময়দান এবং চারু মার্কেট থানা এলাকায় নাকা তল্লাশির সময়ে তিনটি গাড়ি ও একটি স্কুটি থেকে মোট ৮ লক্ষ ৫৬ হাজার ২০০ টাকা বাজোয়াপ্ত করা হয়েছে। শেক্সপিয়ার থানা এলাকার জহরলাল নেহেরু রোডে একটি গাড়ি থেকেও বাজোয়াপ্ত হয়েছে ১২ লক্ষ ৫০ হাজার টাকা।

এদিকে, বর্ধমান রেল স্টেশন থেকে জিআরপি, বিপুল পরিমাণ নগদ অর্থ সহ বিহারের দুই বাসিন্দাকে গতকাল গ্রেপ্তার করেছে। ধৃতদের কাছ থেকে ৩৯ লক্ষ ৬০ হাজার টাকা উদ্ধার হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। পাশাপাশি তাদের কাছ থেকে দুটি মোবাইল ফোনও বাজেয়াপ্ত করা হয়েছে। দু'জনেই বিহারের সমস্তিপুরের বাসিন্দা।

-------------------

আইএসএল ফুটবলে আজ যুবভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল, বেঙ্গালুরু এফসির মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। আইএসএলে পরপর দু-ম্যাচ জিতে লিগে প্রতিদ্বন্দ্বিতায় ফিরে এসেছে ইস্টবেঙ্গল। ইস্টবেঙ্গল সাত ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করেছে। বেঙ্গালুরুর ৮ ম্যাচে পয়েন্ট ১৪ । তবে গোল পার্থক্যে ইস্টবেঙ্গল চতুর্থ এবং বেঙ্গালুরু পঞ্চম স্থানে রয়েছে।

------------------- -------------------